



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ ।
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-০৬

তারিখ : ১৩ চৈত্র, ১৪১৯
২৭ মার্চ, ২০১৩

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী ।

প্রিয় মহোদয়,

সাপ্তাহিক ছুটি শনিবারে ব্যাংকসমূহের বৈদেশিক মুদ্রা লেনদেনকারী (এডি) শাখাসমূহ খোলা রাখা প্রসংগে ।

উপর্যুক্ত বিষয়ে ডিওএস সার্কুলার লেটার নং-১৮/২০০৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২ । উক্ত সার্কুলারের মাধ্যমে দেশের বৈদেশিক বাণিজ্য ও লেনদেনের সুবিধার্থে বিমান, সমুদ্র/নৌ ও স্থল বন্দরস্থ বাণিজ্যিক ব্যাংকগুলোর বৈদেশিক মুদ্রা লেনদেনকারী সব শাখা প্রতি শুক্র ও শনিবার খোলা রাখার নির্দেশনা দেয়া হয় । এছাড়া, দেশের অপরাপর স্থানে অবস্থিত আমদানি-রপ্তানি বাণিজ্য লেনদেন সংশ্লিষ্ট অন্যান্য অথরাইজড ডিলার (এডি) শাখাগুলোর মধ্যে যেসব শাখা খোলা রাখা প্রয়োজন সেসব শাখা ব্যাংকগুলো স্বীয় বিবেচনায় শনিবার খোলা রাখতে পারে মর্মে প্রদত্ত নির্দেশনা বহাল রয়েছে ।

০৩ । এক্ষেণে, অর্থনীতির গতি সচল রাখা এবং গ্রাহকদের ব্যাংকিং কার্যক্রম নির্বিঘ্ন করার লক্ষ্যে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উপর্যুক্ত ব্যবস্থার অতিরিক্ত হিসেবে দেশের তফসিলী ব্যাংকগুলোর সকল অথরাইজড ডিলার শাখাকে স্বাভাবিক ব্যাংকিং সময়সূচি অনুযায়ী সকল প্রকার লেনদেন করার জন্য সাপ্তাহিক ছুটির দিন প্রতি শনিবার খোলা রাখার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-
(মোঃ ইব্রাহিম ভূঁইয়া)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০২০৭